

এসএসসির খাতা নিতে ডাকলেও আসেননি কয়েকশ পরীক্ষক, কড়া হুঁশিয়ারি দিল বোর্ড

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ০৫ মে ২০২৬, ০০:২৮



চলতি বছরের এসএসসি পরীক্ষার বাংলা প্রথম পত্রের উত্তরপত্র মূল্যায়নের জন্য নির্ধারিত দিনে কয়েকশ পরীক্ষক বোর্ডে অনুপস্থিত থাকায় কড়া হুঁশিয়ারি দিয়েছে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা। আগাম এসএমএসে জানানো সত্ত্বেও বিপুলসংখ্যক শিক্ষক সাড়া না দেওয়ায় মঙ্গলবার (৫ মে) বেলা ১১টার মধ্যে বোর্ডে উপস্থিত হয়ে উত্তরপত্র সংগ্রহের নির্দেশ দেওয়া হয়েছে। অন্যথায় বিধি অনুযায়ী কঠোর ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দেওয়া হয়েছে।

 **দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন**

সোমবার (৪ মে) বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর এস এম কামাল উদ্দিন হায়দার স্বাক্ষরিত এক জরুরি বিজ্ঞপ্তিতে এই নির্দেশনা জারি করা হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, অনুপস্থিত পরীক্ষকদের আগামীকাল ৫ মে বেলা ১১টার মধ্যে বোর্ডে সশরীরে উপস্থিত হয়ে উত্তরপত্র গ্রহণ করতে হবে। একই সঙ্গে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানের অধ্যক্ষ ও প্রধান শিক্ষকদের বিষয়টি নিশ্চিত করার নির্দেশ দেওয়া হয়েছে।

বিজ্ঞপ্তিতে স্পষ্ট করে বলা হয়েছে, নির্ধারিত সময়ের মধ্যে উত্তরপত্র গ্রহণ না করলে সংশ্লিষ্ট শিক্ষকদের বিরুদ্ধে বিধি অনুযায়ী প্রয়োজনীয় ও কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

উল্লেখ্য, খাতা নেওয়ার জন্য আগেভাগে খুদে বার্তার মাধ্যমে পরীক্ষকদের জানানো হলেও অনেকে নির্ধারিত দিনে বোর্ডে উপস্থিত হননি। এই অনুপস্থিতি উত্তরপত্র মূল্যায়ন প্রক্রিয়াকে বিঘ্নিত করতে পারে বলে আশঙ্কা তৈরি হয়েছে।